DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 15 Nov 2026, 04:25 PM

আন্তর্জাতিক

ভারতের আকাশসীমায় ঢুকে ২৫ মিনিট চক্কর দিল চীনা যুদ্ধবিমান

সূত্র: আউটলুক ইন্ডিয়া

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ১৫ নভেম্বর ২০২৬, ০২:১৬ PM



ছবি : সংগৃহীত

ভারতের আকাশসীমায় প্রবেশ করে প্রায় ২০ থেকে ২৫ মিনিট ধরে চক্কর দিয়েছে চীনের একটি যুদ্ধবিমান। গত ১২ নভেম্বর ভারতের সিকিম অঞ্চলে এ ঘটনা ঘটে। স্পর্শকাতর এ এলাকায় চীনা যুদ্ধবিমানের অনুপ্রবেশ নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে ভারতীয় নিরাপত্তা মহলে।

বিশেষ করে শিলিগুড়ি করিডরের কাছাকাছি এলাকায় এ ধরনের ঘটনা ঘটায় বিষয়টি নিয়ে নতুন করে প্রশ্ন উঠেছে। কয়েক সেকেন্ডের জন্য আকাশসীমা লঙ্ঘনও যেখানে নিরাপত্তার জন্য গুরুতর বিষয়, সেখানে একটি বিদেশি যুদ্ধবিমান কীভাবে এতক্ষণ ধরে ভারতীয় আকাশসীমায় অবস্থান করল, তা নিয়ে আলোচনা শুরু হয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক সূত্রের বরাত দিয়ে শনিবার (১৪ নভেম্বর) এ তথ্য জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম আউটলুক ইন্ডিয়া। এ বিষয়ে জানতে সংবাদমাধ্যমটি ভারতীয় বিমানবাহিনীর সঙ্গে যোগাযোগ করলেও কোনো বক্তব্য পাওয়া যায়নি।

সূত্রের তথ্য অনুযায়ী, ১২ নভেম্বর স্থানীয় সময় সকাল আটটার দিকে ভারতীয় বিমানবাহিনী (আইএএফ) চীনা যুদ্ধবিমানটির গতিবিধি শনাক্ত করে। এরপর সেটিকে ভারতীয় আকাশসীমা ছেড়ে নিজ ভূখণ্ডে ফিরে যেতে একাধিকবার সতর্কবার্তা পাঠানো হয়। তবে এসব সতর্কবার্তার পরও বিমানটি ওই এলাকার আকাশে চক্কর দিতে থাকে।

চীনা যুদ্ধবিমানটিকে ভূপৃষ্ঠ থেকে প্রায় ২৫ হাজার ফুট উচ্চতায় শনাক্ত করা হয়েছিল। তবে এটি কোন ধরনের যুদ্ধবিমান ছিল, এর সুনির্দিষ্ট গতিপথ কী ছিল এবং কখন ভারতীয় আকাশসীমা ছেড়ে যায়, সে বিষয়ে বিস্তারিত তথ্য এখনো জানা যায়নি।

আগেও ভারতের আকাশসীমায় ঢোকার অভিযোগ

ভারত-চীন সীমান্তে চীনা সামরিক উড়োজাহাজের তৎপরতা নিয়ে আগেও একাধিকবার উদ্বেগ তৈরি হয়েছে।

২০২২ সালের জুনে পূর্ব লাদাখে ভারতীয় সেনাদের অবস্থানের কাছ দিয়ে উড়ে যায় চীনের একটি সামরিক উড়োজাহাজ। ভারতীয় সেনাসদস্য ও রাডারে সেটির উপস্থিতি শনাক্ত হওয়ার পর এ নিয়ে বেইজিংয়ের কাছে উদ্বেগ জানায় নয়াদিল্লি।

এর আগে ২০২০ সালে পূর্ব লাদাখে দুই দেশের মধ্যে সামরিক অচলাবস্থার সময় সীমান্তের কাছাকাছি এলাকায় চীনা সামরিক হেলিকপ্টারের উপস্থিতি দেখা যায়। ওই সময় ভারতীয় যুদ্ধবিমানও এলাকায় টহল দেয়। তবে চীনা হেলিকপ্টারগুলো ভারতের আকাশসীমায় প্রবেশ করেনি বলে দাবি করেছিল নয়াদিল্লি।

২০১৭ সালের ১১ অক্টোবর উত্তরাখন্ডের বারাহোতি এলাকায় দুটি চীনা হেলিকপ্টার ভারতের আকাশসীমায় প্রবেশ করেছিল বলে খবর প্রকাশিত হয়। একই বছরের ৭ নভেম্বর লাদাখেও চারটি চীনা হেলিকপ্টারের বিরুদ্ধে সীমান্ত অতিক্রমের অভিযোগ ওঠে। এর মধ্যে একটি হেলিকপ্টার প্রায় ৩০ মিনিট একই এলাকায় অবস্থান করেছিল বলে জানা যায়।

এ ছাড়া ২০১৭ সালের জুনে উত্তরাখন্ডের চামোলি জেলায় চীনা সেনাবাহিনীর দুটি হেলিকপ্টার প্রায় পাঁচ মিনিট ধরে চক্কর দিয়েছিল। ডোকলাম অচলাবস্থা শুরুর প্রায় তিন মাস আগে এ ঘটনা ঘটেছিল।

এ বিভাগের আরও খবর



অবরোধ দিয়ে ইরানিদের অনাহারে রাখার হুমকি দিচ্ছে যুক্তরাষ্ট্র: তেহরান

অর্থনৈতিক নিষেধাজ্ঞার মাধ্যমে ইরানের জনগণকে খাদ্যসংকটে ফেলার হুমকি দিচ্ছে যুক্তরাষ্ট্র।এমন অভিযোগ করেছে তেহরান। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার...



পারমাণবিক অস্ত্র ও ইরান যুদ্ধ নিয়ে আলোচনায় বসছেন ট্রাম্প, সি ও পুতিন

যুক্তরাষ্ট্র, রাশিয়া ও চীনের শীর্ষ নেতাদের মধ্যে প্রথমবারের মতো ত্রিপক্ষীয় বৈঠক হতে যাচ্ছে। আগামী বৃহস্পতিবার চীনের শেনজেন শহরে বৈঠকে বসার ক...



চার ঘণ্টার বেশি বন্ধ থাকার পর যুক্তরাষ্ট্রে স্বাভাবিক হলো ফ্লাইট চলাচল

বিমান চলাচল নিয়ন্ত্রণ কেন্দ্রগুলোর যোগাযোগব্যবস্থায় ত্রুটির কারণে যুক্তরাষ্ট্রজুড়ে চার ঘণ্টার বেশি সময় বন্ধ ছিল উড়োজাহাজের উড্ডয়ন। শুক্রবার...



যোগাযোগব্যবস্থায় ত্রুটি, যুক্তরাষ্ট্রজুড়ে ফ্লাইটের উড্ডয়ন বন্ধ

যুক্তরাষ্ট্রের বিমান চলাচল নিয়ন্ত্রণকেন্দ্রগুলোর মধ্যে যোগাযোগব্যবস্থায় গুরুতর ত্রুটি দেখা দেওয়ায় দেশজুড়ে সব বিমানবন্দর থেকে উড়োজাহাজের উড্ড...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/bharter-akashsimay-dhuke-25-minit-chkkr-dil-china-juddhbiman